বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৭.০২.০০৪.০৩-১০৩৩ তারিখ: ২৯.০১.২০১৮

বিষয়: ইনস্টিটিউটের ২০১৭-১৮ আর্থিক সালের গবেষণা ও ব্যবস্থাপনা বিষয়ক ৪র্থ কেন্দ্রীয় সমন্বয় সভার কার্যবিবরণী ও কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্ত অনুসারে কেন্দ্র/উপকেন্দ্র/বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

বিগত ০৪.০১.২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ইনস্টিটিউটের সদর দপ্তরের কনফারেন্স রুমে অনুষ্ঠিত ২০১৭-১৮ অর্থ বছরের গবেষণা ও ব্যবস্থাপনা পর্যালোচনা বিষয়ক ৪র্থ কেন্দ্রীয় সমন্বয় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সাথে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীতে বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্র/বিভাগের সংশ্লিষ্ট বিষয়ে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি অবিলম্বে সদর দপ্তরে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

স্বা:
(মোঃ শহীদুল ইসলাম)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৭.০২.০০৪.০৩-১০৩৩ তারিখ: ২৯.০১.২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সদর দপ্তর/বাচিগকে/নকে/স্বাপাকে/লোপাকে/ সামকে, বামগই।
৪. প্রকল্প পরিচালক, বাংলাদেশের নির্বাচিত এলাকায় কুচিয়া ও কাঁকড়ার চাষ এবং গবেষণা প্রকল্প (বিএফআরআই অংশ)/ মুক্তা চাষ প্রযুক্তি উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প/ চাঁদপুরস্থ নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্প/বাংলাদেশে ঝিনুক ও শামুক সংরক্ষণ, পোনা উৎপাদন এবং চাষ প্রকল্প/সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, বামগই।
৫. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাবৃন্দ, সদর দপ্তর, বামগই, ময়মনসিংহ।
৬. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাবৃন্দ, স্বাদুপানি কেন্দ্র, বামগই, ময়মনসিংহ।
৭. উপ পরিচালক, স্বাদুপানি কেন্দ্র/সদর দপ্তর (হিসাব), বামগই, ময়মনসিংহ।
৮. শাখা প্রধান, প্রশিক্ষণ/ গবেষণা/প্রকৌশল/ প্রশাসন/ গ্রন্থাগার ও তথ্যায়ন, সদর দপ্তর, বামগই।
৯. সিস্টেম এনালিস্ট, সদর দপ্তর, বামগই, ময়মনসিংহ (সভার কার্যবিবরণীটি ইনস্টিটিউটের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. উপকেন্দ্র প্রধান, সাতাহার/যশোর/রাঙ্গামাটি/খেপুপাড়া/সৈয়দপুর, বামগই।
১১. জনসংযোগ কর্মকর্তা, সদর দপ্তর, বামগই, ময়মনসিংহ।
১২. প্রকাশনা কর্মকর্তা, সদর দপ্তর, বামগই, ময়মনসিংহ।
১৩. প্রশাসনিক কর্মকর্তা, সদর দপ্তর, বামগই, ময়মনসিংহ।
১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর দপ্তর, বামগই, ময়মনসিংহ।

অনুলিপি:

১. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
২. সংশ্লিষ্ট/মাষ্টার নথি।

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

HQ.Meet.Notice

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

বিষয়	ঃ	ইনস্টিটিউটের ২০১৭-১৮ অর্থ বছরের ৪র্থ কেন্দ্রীয় মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী
সভাপতি	ঃ	ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক
স্থান	ঃ	কনফারেন্স রুম, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
তারিখ ও সময়	ঃ	০৪.০১.২০১৮ সকাল ১০.০০ ঘটিকা
উপস্থিতি	ঃ	পরিশিষ্ট-ক

ইনস্টিটিউটের ২০১৭-১৮ আর্থিক সালের ৪র্থ কেন্দ্রীয় মাসিক সমন্বয় সভায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ইনস্টিটিউটের সদর দপ্তরসহ বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রে চলমান গবেষণা ও প্রশাসনিক কার্যক্রম সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী ১. গবেষণা শাখা

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক)	আগামী সভায় নদী উপকেন্দ্র, খেপুপাড়াতে চলমান গবেষণা কার্যক্রমের অগ্রগতি Power point এর মাধ্যমে উপস্থাপন করতে হবে।	নদী উপকেন্দ্র প্রধান, খেপুপাড়া
খ)	২০১৬-১৭ অর্থ বছরে সমাপ্তকৃত গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন আগামী ১৫ দিনের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	কেন্দ্র/ উপকেন্দ্র প্রধান
গ)	দেশীয় পাঙ্গাসের পোনা উৎপাদনের জন্য ব্রুড মাছের বিশেষ যত্ন নিতে হবে এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে পোনা উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী কেন্দ্র, স্বাদুপানি কেন্দ্র/ স্বাদুপানি উপকেন্দ্র প্রধান, সৈয়দপুর
ঘ)	মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে নির্দেশনাপ্রাপ্ত বোয়াল মাছের উপর গবেষণা অগ্রগতি মাসিক ভিত্তিতে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, চাঁদপুর
ঙ)	ইনস্টিটিউটের চলমান গবেষণার ত্রৈমাসিক অগ্রগতি নিয়মিত সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং তা সংকলিত আকারে গবেষণা শাখা প্রধানকে সভায় রিপোর্ট করতে হবে।	কেন্দ্র/ উপকেন্দ্র প্রধান

আলোচ্য সূচী ২. প্রশিক্ষণ শাখা

ক)	রাজস্ব খাতসহ সকল উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ (২০১৬-১৭) Software- এ অন্তর্ভূক্ত করতে হবে।	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ শাখা
খ)	ম্যান্টর এবং ইনোভেশন প্রশিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য A_2Iকে তাগিদ পত্র দিতে হবে।	ঐ
গ)	ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারীদের সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে ৬০ জনঘন্টা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ঐ
ঘ)	রাজস্ব বাজেটের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম যথাশীঘ্রই সম্পন্ন করতে হবে।	ঐ

আলোচ্য সূচী ৩. প্রশাসন শাখা

ক)	ইনস্টিটিউটে চলমান মামলাসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে এবং ইনস্টিটিউটের পক্ষে মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশা:ও অর্থ)
খ)	২০১৬ এবং ২০১৭ সালের এসিআর পরীক্ষা করে বিরূপ মন্তব্যের (যদি থাকে) উপর যথাশীঘ্রই পরবর্তী করণীয় বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ আগামী ০৭ দিনের মধ্যে গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশা:ও অর্থ)
গ)	কেন্দ্র প্রধানগণকে তাঁদের অধীনস্থ অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে এবং এ বিষয়ে বিস্তারিত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	সকল কেন্দ্র প্রধান
ঘ)	বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রের জন্য খালী বাসা সংশ্লিষ্টদের বরাদ্দ প্রদান করতে হবে।	কেন্দ্র/উপকেন্দ্র প্রধান
ঙ)	গত অর্থ বছরের শুদ্ধাচারের জন্য পুরস্কার প্রদানের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশা:ও অর্থ)
চ)	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নতুন সৃজনকৃত ১৯১টি পদের স্কেল ভেটিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ঐ

আলোচ্য সূচী ৪. প্রকৌশল শাখা

ক)	রাজস্ব বাজেটের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী পূর্তকাজের দরপত্র আহবান দ্রুত সম্পন্ন করতে হবে এবং কাজের গুণগতমান নিশ্চিতকরণের জন্য তদারকী জোরদার করতে হবে।	নির্বাহী প্রকৌশলী
খ)	সাম্প্রতিককালে প্রাকৃতিক দূর্যোগের কারণে রাঙ্গামাটি উপকেন্দ্রের ড্রেনেজ ব্যবস্থা ধ্বসে যাওয়ায় তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ঐ
গ)	নদী কেন্দ্র, চাঁদপুরে ব্যবহার অনুপোযোগী বাসাসমূহ কনডেমন ঘোষণা করার বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পিডি, ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্প
ঘ)	উন্নয়ন প্রকল্পের আওতায় চলমান পূর্তকাজ কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করতে হবে এবং গুণগতমান নিশ্চিত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী
ঙ)	সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার এর অফিস ভবন নিলামের মূল্য নির্ধারণ করার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পিডি, সামুদ্রিক গবেষণা জোরদারকরণ প্রকল্প
চ)	শামুক ও ঝিনুক প্রকল্পের আওতায় নির্ধারিত পুকুর মেরামত কাজের দরপত্র দ্রুত আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী
ছ)	চিংড়ি গবেষণা কেন্দ্রের প্রশিক্ষণ ডরমিটরী এবং কেন্দ্র প্রধানের বাস ভবন মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	নির্বাহী প্রকৌশলী

আলোচ্য সূচী ৫. পরিকল্পনা ও মূল্যায়ন শাখা

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক)	বিএফআরআই এর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় জনবল নির্ধারণ সংক্রান্ত চাহিত তথ্যাদি সন্নিবেশিত করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (গবে. ও পরি.)
খ)	বার্ষিক কর্মসম্পাদন (APA) চুক্তি অনুযায়ী বাস্তবায়ন কাজ তরান্বিত করতে হবে। APA'র কার্যক্রম সদর দপ্তর থেকে নিয়মিত মনিটর করতে হবে।	ঐ
গ)	বার্ষিক কর্মসম্পাদন (APA) চুক্তির রেজিস্ট্রার খাতা ও বোর্ড যথাযথভাবে আপটুডেট করতে হবে।	সকল মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
ঘ)	গবেষণা ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং নিয়মিত তা মনিটরিং করতে হবে।	পরিচালক (গবে ও পরি)
ঙ)	আগামী জুন/১৮ মাসে কাঁকড়া ও কুচিয়া প্রকল্পটি সমাপ্ত হবে বিধায় এর যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতেহবে।	প্রকল্প পরিচালক

আলোচ্য সূচী ৬. হিসাব ও অডিট

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক)	ইনস্টিটিউটের অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (হিসাব) এবং কেন্দ্র/উপকেন্দ্র প্রধান
খ)	আইসিটিসহ অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রে কোড খোলার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।	উপপরিচালক (হিসাব)
গ)	পদন্নোতিপ্রাপ্ত কর্মকর্তাদের পে ফিক্সেশন এর অফিস আদেশ জারী করতে হবে।	ঐ

আলোচ্য সূচী ৭. আইসিটি

ক)	ই-নথি ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ সমাপ্ত হওয়ায় সকল কেন্দ্রে জরুরী ভিত্তিতে ই-নথি কার্যক্রম শুরু করতে হবে।	সিস্টেম এনালিষ্ট
খ)	ইন্টারনেটের বেন্ডউইজ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা আগামী ৭ দিনের মধ্যে গ্রহণ করতে হবে	ঐ
গ)	ইনোভেশনের উপর নিয়মিত সভা করতে হবে। আসন্ন ইনোভেশন মেলায় অংশগ্রহণের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।	ঐ
ঘ)	Research problem solution through 'WhatsApps' বিষয়ক সফটওয়্যার দ্রুত চূড়ান্ত করতে হবে।	প্রকল্প পরিচালক, ইলিশ প্রকল্প
ঙ)	কেন্দ্র/উপকেন্দ্রে হতে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া জেনারেট করে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।	কেন্দ্র/উপকেন্দ্র প্রধান
চ)	ইনস্টিটিউটের ওয়েব সাইট নিয়মিত আপডেট করতে হবে। ওয়েব সাইটে ইনস্টিটিউট উদ্ভাবিত নতুন প্রযুক্তির উপর লিফলেট, বুকলেট ও প্রতিবেদন অন্তর্ভূক্ত করতে হবে।	সিস্টেম এনালিষ্ট

আলোচ্য সূচী ৮. গ্রন্থাগার ও প্রকাশনা শাখা

ক)	জানুয়ারী ২০১৮ মাসের মধ্যে জার্ণাল প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র
খ)	ইনস্টিটিউটের নিউজলেটারের পরবর্তী সংখ্যা মার্চ/১৮ মাসের মধ্যে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী সভায় অগ্রগতি অবহিত করতে হবে।	প্রকাশনা কর্মকর্তা
গ)	ইনস্টিটিউট উদ্ভাবিত প্রযুক্তি ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম নিয়মিত প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জনসংযোগ কর্মকর্তা

আলোচ্য সূচী ৯. বিবিধ

ক)	সরকারী ক্রয় কাজ, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন এবং জনবল নিয়োগ স্বচ্ছতার সাথে করতে হবে। দূর্নীতির ক্ষেত্রে Zero tolerance নীতি অনুসরণ করতে হবে।	সদর দপ্তর, কেন্দ্র, উপকেন্দ্র প্রধান ও প্রকল্প পরিচালক
খ)	বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রের গবেষণা অগ্রগতি ও সাফল্য বিভিন্ন মিডিয়ায় নিয়মিত প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেন্দ্র/উপকেন্দ্রের কার্যক্রম বিভিন্ন গণ মাধ্যমে প্রচারিত হলে সদর দপ্তরকে তা অবহিত করতে হবে।	কেন্দ্র/উপকেন্দ্র প্রধান
গ)	কাঁকড়া ও কুচিয়া প্রকল্প এবং মুক্তা চাষ প্রকল্পের কনসালটেন্ট/টেকনিশিয়ান নিয়োগের জন্য জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
ঘ)	ইলিশ প্রকল্প এবং কাঁকড়া ও কুচিয়া প্রকল্পের চলতি অর্থ বছরের ক্রয় কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুত বাস্তবায়ন করতে হবে।	প্রকল্প পরিচালক
ঙ)	স্বাদুপানি কেন্দ্রের গভীর নলকুপ কাঁকড়া ও কুচিয়া প্রকল্প হতে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
চ)	জাতীয় উদ্ভাবন মেলায় অংশগ্রহণ করতে হবে।	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র

পরিশেষে সকল কার্যনির্বাহীর জন্য অপেক্ষা না করে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।